

নথি অফিসঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)
নথি শাখাঃ মডস জোন-৩

মুদ্রনকারীঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা), মডস জোন-৩

নথি নম্বর: ৪৬.০৫.০০০০.৪০৭.৩৮.২০৯.২৩ নথির বিষয়: ধানমন্ডি রোড নং-১,২,৩,৪,৫,৬,৭,৮,৯ ও ১০ পশ্চিম ধানমন্ডি লেক পূর্বে গ্রীন রোড, উত্তরে ধানমন্ডি লেক এবং দক্ষিণে রোড নং-১ এর মধ্যবর্তী এলাকায় বিদ্যমান পয়ঃ লাইন মাস ক্লিনিং ও উত্তোলিত স্লাজ অপসারণ কাজ। (২য় ধাপ, ক্রঃ নং-০৯)

নোট: ১ নোটের বিষয়: ধানমন্ডি রোড নং-১,২,৩,৪,৫,৬,৭,৮,৯ ও ১০ পশ্চিম ধানমন্ডি লেক পূর্বে গ্রীন রোড, উত্তরে ধানমন্ডি লেক এবং দক্ষিণে রোড নং-১ এর মধ্যবর্তী এলাকায় বিদ্যমান পয়ঃ লাইন মাস ক্লিনিং ও উত্তোলিত স্লাজ অপসারণ কাজ (২য় ধাপ, ক্রঃ নং-০৯)

অনুচ্ছেদ ১.০ - তারিখঃ ১৩/১২/২৩ ১১:১৩ পূর্বাহ্ন

ঢাকা ওয়াসার অধীন মডস জোন-৩, ঢাকা শহরের বিস্তীর্ণ এবং গুরুত্বপূর্ণ এলাকায় পানি সরবরাহ ও পয়ঃ নিষ্কাশন সেবা প্রদান করে থাকে। অত্র জোনের অধীনে জাতীয় সংসদ ভবন, গণভবন, এম.পি হোস্টেল সমূহ, পরিকল্পনা মন্ত্রণালয়, বঙ্গবন্ধু যাদুঘরসহ অসংখ্য গুরুত্বপূর্ণ প্রতিষ্ঠান যেমন রয়েছে তেমনি বহু রাষ্ট্রীয় গুরুত্বপূর্ণ ব্যক্তি বর্গের আবাসিক এলাকা "ধানমন্ডি" অবস্থিত। অত্র জোনের দক্ষিণে নীলক্ষেত, পূর্বে কাজী নজরুল ইসলাম এভিনিউ, উত্তরে কল্যানপুর মেইন খাল এবং পশ্চিমে বেড়িবাঁধ ও তদপরবর্তী (ঢাকা উদ্যানসহ) তুরাগ নদী পর্যন্ত প্রসারিত। উল্লেখযোগ্য এলাকা সমূহের মধ্যে অন্যতম এলাকা সমূহ হলো ধানমন্ডি, লালমাটিয়া, মোহাম্মদপুর, জিগাতলা, কলাবাগান, শেরেবাংলা নগর, মনিপুরী পাড়া, শ্যামলী, শংকর, রাজাবাজার, রায়েরবাজার ইত্যাদি। বর্তমানে ৪ টি পয়ঃ লিফট স্টেশনের মাধ্যমে জোনের পয়ঃ বর্জ্য সমূহ বিভিন্ন নেটওয়ার্কের মাধ্যমে পাগলা পয়ঃ শোধনাগারে প্রেরণ করা হয়।

অনুচ্ছেদ ১.১ - তারিখঃ ১৩/১২/২৩ ১১:১৫ পূর্বাহ্ন

এম.আই.এস রিপোর্ট (মে/২০১৫) অনুযায়ী অত্র জোনে বিভিন্ন ব্যাসের প্রায় ১২৮কিলোমিটার পয়ঃ লাইন, ম্যানহোল ৩১০০টি ও ওয়াই পিট বিদ্যমান রয়েছে। উক্ত পয়ঃ লাইন দ্বারা অত্র জোনের গ্রাহকদের পয়ঃ বর্জ্য অপসারিত হয়। পয়ঃ সংযোগের বিল বাবদ ঢাকা ওয়াসার বিপুল পরিমাণ রাজস্ব আয় হয়। সুষ্ঠু পয়ঃ ব্যবস্থাপনা বজায় রাখতে বাৎসরিক ভিত্তিতে মাস ক্লিনিং কাজ করা হয়। বর্তমানে অত্র মডস জোনের আওতাধীন বিভিন্ন এলাকায় পয়ঃ লাইনে ব্লকেজের কারণে পয়ঃ লাইনের স্বাভাবিক প্রবাহ বাধাপ্রাপ্ত হয়ে অনেক জায়গায় পয়ঃ ওভার ফ্লো দেখা দেয়। ফলে পরিবেশ দূষিত হওয়ার পাশাপাশি মারাত্মক জনস্বাস্থ্য বিঘ্নিত হবার সম্ভাবনা তৈরী হয়। অত্র মডস জোনের বিভিন্ন এলাকা হতে প্রায়শই পয়ঃ ওভার ফ্লো এর অভিযোগ আসছে। কিন্তু সুষ্ঠু ভাবে পয়ঃ প্রবাহ বজায় রাখা, পরিবেশ দূষণ রোধ ও ঢাকা ওয়াসার ভাবমূর্তি রক্ষার্থে আসন্ন বর্ষা মৌসুমের পূর্বেই জরুরী ভিত্তিতে সুয়ার লাইন ও ম্যানহোল মাস ক্লিনিং কাজ করা প্রয়োজন। উল্লেখ্য যে, ঢাকা মহানগরীর পরিবেশ সুন্দর ও পরিচ্ছন্ন রাখার লক্ষ্যে স্থানীয় সরকার মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী মহোদয়ের বিশেষ নির্দেশনা রয়েছে। সেই প্রেক্ষিতে সুয়ার লাইন ও ম্যানহোল মাস ক্লিনিং কাজের প্রতিদিনের উত্তোলিত স্লাজ প্রতিদিনই বিভাগীয় গাড়ীর সাহায্যে অপসারণ করার জন্য প্রধান প্রকৌশলী মহোদয়ের অফিস নির্দেশনা রয়েছে (বিবেচ্য সংযুক্তি: ১ স্লাজ অপসারণের বিষয়ে প্রধান প্রকৌশলী মহোদয় কর্তৃক নির্দেশনা (<https://dwas-a-d.nothing.gov.bd/#>) সদয় দ্রষ্টব্য)। উর্ধ্বতন কর্তৃপক্ষের সাথে মৌখিক আলোচনার প্রেক্ষিতে প্রতি বছরের ন্যায় এই বছরেও দৈনিক মজুরী ভিত্তিতে কাজ করার পরিকল্পনা করা হয়েছে।

সংযুক্তিসমূহ (১):

১। স্লাজ অপসারণের বিষয়ে প্রধান প্রকৌশলী মহোদয় কর্তৃক নির্দেশনা।

অনুচ্ছেদ ১.২ - তারিখঃ ১৩/১২/২৩ ১১:২০ পূর্বাহ্ন

নথি | ডিজিটাল নথি ব্যবস্থাপনা

মডস জোন-৩ এর আওতাধীন সমগ্র এলাকাকে ২৪ টি ভাগে/গ্রুপে বিভক্ত করতঃ প্রতি বছরেই ৩ ধাপে ৮টি গ্রুপে মাস ক্লিনিং কাজ সম্পন্ন করা হয়। ইতোমধ্যে ১ম ধাপের ৮ টি গ্রুপের মাস ক্লিনিং ও উত্তোলিত স্লাজ অপসারণের কাজ প্রায় শেষ পর্যায়ে রয়েছে। চলমান মাস ক্লিনিং কাজ নিরবিচ্ছিন্নভাবে করা সম্ভব না হলে / বন্ধ করে দেয়া হলে আপ স্ট্রিম হতে স্লাজ এসে ইতোমধ্যে যে সকল লাইন ও পয়ঃ ম্যানহোল পরিষ্কার করা হয়েছে সেগুলো স্লাজ দিয়ে ভরাট হয়ে যায়, ফলশ্রুতিতে মাস ক্লিনিং কাজের প্রকৃত সুফল পাওয়া যায়না। সেই লক্ষ্যে কাজের ধারাবাহিকতা রক্ষার্থে ১ম ধাপের মাস ক্লিনিং কাজ সম্পন্ন হওয়ার পর ২য় ধাপের মাস ক্লিনিং কাজ শুরু করা আবশ্যিক। তারই ধারাবাহিকতা রক্ষার্থে ২য় ধাপের মাস ক্লিনিং কাজের জন্য পয়ঃ লাইন পরিষ্কার করন ও স্লাজ সরানো সহ ৮ (আট) টি গ্রুপের কাজ আগামী ২২ ডিসেম্বর/২৩ হতে শুরু করা করা প্রয়োজন। ২য় পর্যায়ের প্রস্তাবিত মাস ক্লিনিং কাজের গ্রুপ সমূহ নিম্নে উপস্থাপন করা হলোঃ

৯) ধানমন্ডি রোড নং-১,২,৩,৪,৫,৬,৭,৮,৯ ও ১০ পশ্চিম ধানমন্ডি লেক পূর্বে গ্রীন রোড, উত্তরে ধানমন্ডি লেক এবং দক্ষিণে রোড নং-১ এর মধ্যবর্তী এলাকায় বিদ্যমান পয়ঃ লাইন মাস ক্লিনিং ও উত্তোলিত স্লাজ অপসারণ কাজ (মোট পয়ঃ লাইনের দৈর্ঘ্য = ৬.৮০ কিঃমিঃ; ম্যানহোল সংখ্যা = ১৫৪ টি)।

১০) গ্রীনরোড, কলাবাগান ১ম লেন, কলাবাগান ২য় লেন, উত্তর ধানমন্ডি, লেক সার্কাস কলাবাগান, আল আমিন রোড এলাকায় বিদ্যমান পয়ঃ লাইন মাস ক্লিনিং ও উত্তোলিত স্লাজ অপসারণ কাজ (মোট পয়ঃ লাইনের দৈর্ঘ্য = ৬.১০ কিঃমিঃ; ম্যানহোল সংখ্যা = ১৪৮ টি)।

১১) আসাদগেট পয়ঃ লিফট স্টেশন হতে কাজী নজরুল ইসলাম রোড এবং আসাদ এভিনিউ থেকে শেরশাহ সুরী রোড হয়ে তাজমহল রোড পর্যন্ত বিদ্যমান পয়ঃ লাইন মাস ক্লিনিং ও উত্তোলিত স্লাজ অপসারণ কাজ। (মোট পয়ঃ লাইনের দৈর্ঘ্য = ৬.২০ কিঃমিঃ; ম্যানহোল সংখ্যা = ১৩৮ টি) ।

১২) মডস জোন-৩ এর আওতাধীন গ্রাফিক্স আর্টস কলেজ হতে মোহাম্মদপুর বাস স্ট্যান্ড, উত্তর জাফরাবাদ, শেরবাংলা রোড, কাদেরাবাদ, উত্তর মধুবাজার, উত্তর গদিঘর ইত্যাদি এলাকায় বিদ্যমান পয়ঃ লাইন মাস ক্লিনিং ও উত্তোলিত স্লাজ অপসারণ কাজ। (মোট পয়ঃ লাইনের দৈর্ঘ্য = ৬.৭ কিঃমিঃ; ম্যানহোল সংখ্যা = ১৪৮টি) ।

১৩) ফার্মগেট, ইন্দিরা রোড, পূর্ব রাজা বাজার, সোবহানবাগ, তল্লাবাগ, শুক্রাবাদ, তেজতুরী বাজার রোড ইত্যাদি এলাকায় বিদ্যমান পয়ঃ লাইন মাস ক্লিনিং ও উত্তোলিত স্লাজ অপসারণ কাজ (মোট পয়ঃ লাইনের দৈর্ঘ্য = ৬.৫৫ কিঃমিঃ; ম্যানহোল সংখ্যা = ১৪৪ টি) ।

১৪) আসাদগেট পয়ঃ লিফট স্টেশন হতে মানিক মিয়া এভিনিউ হয়ে ইন্দিরা রোড এবং গাউছিয়া মোড় হতে এলিফ্যান্ট রোডের বাটা সিগনাল হয়ে সেন্ট্রাল রোড পর্যন্ত বিদ্যমান পয়ঃ লাইন মাস ক্লিনিং ও উত্তোলিত স্লাজ অপসারণ কাজ (মোট পয়ঃ লাইনের দৈর্ঘ্য = ৫.১০ কিঃমিঃ; ম্যানহোল সংখ্যা = ১৪৮ টি) ।

১৫) লালমাটিয়া ব্লক-ই, এফ, জাকির হোসেন রোড এবং কাজী নজরুল ইসলাম রোড এলাকায় এলাকায় বিদ্যমান পয়ঃ লাইন মাস ক্লিনিং ও উত্তোলিত স্লাজ অপসারণ কাজ। (মোট পয়ঃ লাইনের দৈর্ঘ্য = ৬.০ কিঃমিঃ; ম্যানহোল

নথি | ডিজিটাল নথি ব্যবস্থাপনা

সংখ্যা = ১৪৮টি)।

১৬) বাংলা সড়ক,শেরে বাংলা রোড, রায়ের বাজার স্কুল এলাকা, সাতমসজিদ রোড ঝিগাতলা মোড় হতে ধানমন্ডি-২৭ পর্যন্ত এলাকায় বিদ্যমান পয়ঃ লাইন মাস ক্লিনিং ও উত্তোলিত স্লাজ অপসারণ কাজ (মোট পয়ঃ লাইনের দৈর্ঘ্য =৩.১০ কিঃমিঃ; ম্যানহোল সংখ্যা = ১৪০ টি)।

সংযুক্তিসমূহ (২):

- ১। ২য় ধাপে প্রস্তাবিত মাস ক্লিনিং কাজের তালিকা।
- ২। মাস ক্লিনিং কাজের ম্যাপ।

অনুচ্ছেদ ১.৩ - তারিখঃ ১৩/১২/২৩ ১১:২৪ পূর্বাহ্ন

অনুচ্ছেদ ১.২ এর বর্ণনা মোতাবেক ৩ ধাপে মাস ক্লিনিং কাজের সর্বমোট ২৪ টি গ্রুপের মধ্যে ২য় ধাপে ৮ টি গ্রুপ মাস ক্লিনিং ও উত্তোলিত স্লাজ অপসারণের কাজ Force Account এর মাধ্যমে সম্পন্ন করার জন্য প্রস্তাব করা হলো। কাজ চলাকালীন সময় প্রতি বছরের ন্যয় মাস ক্লিনিং কাজের পরিদর্শন কমিটিকে কাজের সিডিউল প্রদান করা হবে ও কাজ শেষে পরিদর্শন কমিটি কর্তৃক সন্তোষজনক রিপোর্ট প্রাপ্তি স্বাপেক্ষে ভাউচার সমূহ সমন্বয় করা হবে। অত্র মডস জোনের আওতাধীন মডস জোন-৩ এর আওতাধীন ধানমন্ডি রোড নং-১,২,৩,৪,৫,৬,৭,৮,৯ ও ১০ পশ্চিম ধানমন্ডি লেক পূর্বে গ্রীন রোড, উত্তরে ধানমন্ডি লেক এবং দক্ষিণে রোড নং-১ এর মধ্যবর্তী এলাকায় বিদ্যমান পয়ঃ লাইন মাস ক্লিনিং ও উত্তোলিত স্লাজ অপসারণ কাজ (২য় ধাপ, ক্রঃ নং-০৯) কাজ করার জন্য ঢাকা ওয়াসা এর পূর্ব অনুমোদিত দর অনুযায়ী খরচের হিসাব তৈরী করা হয়েছে। যাতে মোট ব্যয়ের পরিমাণ দাঁড়িয়েছে **৳ ২,৮৮,০০০/- (দুই লক্ষ আটশি হাজার)** টাকা মাত্র। কাজটি পাবলিক প্রকিউরমেন্ট (পিপিআর) বিধিমালা ২০০৮ এর বিধি ৮২(১) (Force Account) অনুসরণে বাস্তবায়ন করা যেতে পারে। আলোচ্য কাজের ব্যয়ভার অত্র জোনের ২০২৩-২০২৪ ইং অর্থবছরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার B-14.2 এর ক্রমিক নং - ৯ (Force Account) অথবা চলতি অর্থবছরে অত্র মডস জোনের অনুকূলে বরাদ্দকৃত বাজেটের পয়ঃ লাইন রক্ষণাবেক্ষন (কোড নং-01-04-002) হতে নির্বাহ করা যেতে পারে।

সংযুক্তিসমূহ (৩):

- ১। ২০২৩-২৪ ইং অর্থ বছরে মডস জোন-৩ এর অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার কপি।
- ২। পূর্বের অনুমোদিত দর।
- ৩। প্রাক্কলণ।

অনুচ্ছেদ ১.৪ - তারিখঃ ১৩/১২/২৩ ১১:২৫ পূর্বাহ্ন


এমতাবস্থায়, উপরিউক্ত বর্ণনার আলোকে জরুরী ভিত্তিতে জনস্বার্থে ও ঢাকা ওয়াসা এর সুনাম রক্ষার্থে সূষ্ঠ পয়ঃ নিষ্কাশনের নিমিত্তে "ধানমন্ডি রোড নং-১,২,৩,৪,৫,৬,৭,৮,৯ ও ১০ পশ্চিম ধানমন্ডি লেক পূর্বে গ্রীন রোড, উত্তরে ধানমন্ডি লেক এবং দক্ষিণে রোড নং-১ এর মধ্যবর্তী এলাকায় বিদ্যমান পয়ঃ লাইন মাস ক্লিনিং ও উত্তোলিত স্লাজ অপসারণ কাজ (২য় ধাপ, ক্রঃ নং-০৯) জরুরী ভিত্তিতে বাস্তবায়নের লক্ষ্যে নিয়োক্ত প্রস্তাব সমূহ সদয় অনুমোদন করা যেতে পারে।

ক) উল্লিখিত মাস ক্লিনিং কাজটি সম্পাদনের জন্য সর্বমোট **৳ ২,৮৮,০০০/- (দুই লক্ষ আটশি হাজার)** টাকার প্রাক্কলনটি অনুমোদন।

খ) কাজটি পাবলিক প্রকিউরমেন্ট (পিপিআর) বিধিমালা ২০০৮ এর বিধি ৮২(১) ধারা (Force Account) অনুসারে **৳ ২,৮৮,০০০/- (দুই লক্ষ আটশি হাজার)** টাকার প্রাক্কলনটি অনুমোদন

গ) আলোচ্য কাজের ব্যয়ভার অত্র জোনের ২০২৩-২০২৪ ইং অর্থবছরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার B-14.2 এর ক্রমিক নং - ৯ (Force Account) অথবা চলতি অর্থবছরে অত্র মডস জোনের অনুকূলে বরাদ্দকৃত বাজেটের পয়ঃ লাইন রক্ষণাবেক্ষন (কোড নং-01-04-002) খাত হতে নির্বাহ করার অনুমোদন।

উল্লিখিত প্রস্তাবসমূহ "ব্যবস্থাপনা পরিচালক" মহোদয় কর্তৃক সদয় অনুমোদনের জন্য সর্বিনয়ে পেশ করা হলো।



১৩/১২/২৩ ১:৩২ অপরাহ্ন
মোছাঃ আফসানা আফরীন
উপ-সহকারী প্রকৌশলী
মডস জোন-৩



১৩/১২/২৩ ৫:৪৩ অপরাহ্ন
মিলন মজুমদার
সহকারী প্রকৌশলী
মডস জোন-৩



১৩/১২/২৩ ৮:৩৪ অপরাহ্ন
জয়ন্ত সাহা
নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব)
মডস জোন-৩



১৪/১২/২৩ ১:০৪ অপরাহ্ন
মোঃ আব্দুল মজিদ
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চলতি দায়িত্ব)
মডস সার্কেল-১



১৫/১২/২৩ ১০:৩০ পূর্বাহ্ন
মোঃ কামরুল হাসান, হাসান
প্রধান প্রকৌশলী
প্রধান প্রকৌশলী (পরিচালন ও
রক্ষণাবেক্ষণ)

১৫/১২/২৩ ১০:৩০ পূর্বাহ্ন

এ. কে. এম. সহিদ উদ্দিন

উপ ব্যবস্থাপনা পরিচালক (৩এড-এম)

উপ ব্যবস্থাপনা পরিচালক (৩এড-এম)

এর দপ্তর

অনুচ্ছেদ ১.৫ - তারিখঃ ১৫/১২/২৩ ৯:০৯ অপরাহ্ন

নথি | ডিজিটাল নথি ব্যবস্থাপনা


Okay..




১৫/১২/২৩ ৯:২৫ অপরাহ্ন
এ. কে. এম. সহিদ উদ্দিন
সিপি-ব্যবস্থাপনা পরিচালক (ওএড এম)
সিপি-ব্যবস্থাপনা পরিচালক (ওএডএম)
এর দপ্তর



১৬/১২/২৩ ১০:৪১ পূর্বাহ্ন
মোঃ কামরুল হাসান, হাসান
প্রধান প্রকৌশলী
প্রধান প্রকৌশলী (পরিচালন ও
রক্ষণাবেক্ষণ)



১৭/১২/২৩ ১১:৩৭ পূর্বাহ্ন
জয়ন্ত সাহা
নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব)
মডস জোন-৩



১৯/১২/২৩ ৪:১৪ অপরাহ্ন
মোছাঃ আফসানা আফরীন
উপ-সহকারী প্রকৌশলী
মডস জোন-৩

১৯/১২/২৩ ৪:১৪ অপরাহ্ন
তৌফিক আহম্মদ চৌধুরী
উপ-সহকারী প্রকৌশলী
মডস জোন-৩

নথি | ডিজিটাল নথি ব্যবস্থাপনা